গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৪৫

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। আবহাওয়ার সতর্কবার্তা:

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি, ক্রমিক নম্বর-০৭ (সাত), তারিখঃ ২৫.০৫.২০২৪খ্রিঃ

পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তর দিকে অগ্রসর হয়ে একই এলাকায় (১৮.২° উত্তর অক্ষাংশ এবং ৮৯.৮° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (২৫ মে ২০২৪) দুপুর ১২.০০ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৫০০ কি.মি. দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৪৩৫ কি.মি. দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৪৭৫ কি.মি. দক্ষিণে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৪২৫ কি.মি. দক্ষিণে অবস্থান করছিল। এটি আরও উত্তরপূর্ব দিকে অগ্রসর ও ঘণীভূত হতে পারে।

গভীর নিম্নচাপের প্রভাবে উত্তর বঙ্গোপসাগর এলাকায় গভীর সঞ্চালণশীল মেঘমালা সৃষ্টি অব্যাহত রয়েছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

গভীর নিম্নচাপ কেন্দ্রের ৪৮ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৫০ কি.মি., যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ঘণ্টায় ৬০ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। গভীর নিম্নচাপ কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত (পুনঃ) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে অতি দ্রুত নিরাপদ আশ্রয়ে যেতে বলা হলো।

২। আজ ২৫ মে, ২৪ খ্রি: তারিখ দুপুর ১.০০ টা হইতে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

৩। আজ ২৫ মে, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত নিম্নচাপটি উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে সকাল ০৯ টায় গভীর নিম্নচাপে পরিণত হয়ে একই এলাকার (১৭.৬ ডিগ্রী উত্তর অক্ষাংশ এবং ৮৯.৭ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আরো ঘণীভূত হয়ে উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে।

পূর্বাভাসঃ

প্রথম দিন (২৫.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে, সেইসাথে দক্ষিণাঞ্চলের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষন হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ ঢাকা, রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট জেলাসহ সিলেট বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে। জলীয় বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তিভাবে বৃদ্ধি পেতে পারে।

দ্বিতীয় দিন (২৬.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: রংপুর, রাজাশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে, সেইসাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা (২-৪) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে।

তৃতীয় দিন (২৭.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে, সেইসাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে এবং তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৯.৫	**৩৯.৫**	৩৯.৫	৩৮.৪	৩৭.৭	৩৯.১	**৪০.০**	৩৭.৭
সর্বনিম্ন তাপমাত্রা	২৭.৬	২৭.০	২৬.৩	২৭.৫	২৬.০	**২৪.০**	২৭.০	২৮.৩

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গা ৪০.০° সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সীতাকুন্ড ২৪.০° সে.।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা

(১১ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ /২৫ মে, ২০২৪ খ্রিঃ)

- ব্রহ্মপুত্র-যমুনা ও পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে গঙ্গা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

পানি সমতল ও বারিপাত স্টেশন আউটলুক

(২৩ বৈশাখ, ১৪৩১/ ০৬ মে, ২০২৪ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নেই।

পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	প্রাক-মৌসুমী বিপদসীমা (মিটার)	প্রাক-মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-

-

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
টেকনাফ (কক্সবাজার)	৩৫.০	লামা (বান্দরবন)	২৫.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
সিলচর (আসাম)	১১.০	শীলং (মেঘালয়)	৩.০

-

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১০	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	৬২	গেজ পাঠ পাওয়া যায়নি	০১
হ্রাস	৪২	মোট তথ্য পাওয়া যায়নি	০১
অপরিবর্তিত	০৫	বিপদসীমার উপরে	০০
বন্যা আক্রান্ত জেলার সংখ্যা			০০
বিপদসীমার উপরে নদীর সংখ্যা			০০

৫।

অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৩ মে, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৪ মে, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২৮টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৯	০	০
২।	ময়মনসিংহ	৪	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	২	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	চট্টগ্রাম	৪	০	০
৭।	খুলনা	২	০	০
৮।	রংপুর	৫	০	০
	মোট	**২৮**	**০**	**০**

২৫-০৫-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৪৫/১ (১৩)

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৩। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;

৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;

৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

৭। বিভাগীয় কমিশনার (সকল);

৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;

৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১০। জেলা প্রশাসক (সকল);

১১। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং

১৩। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

২৫-০৫-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা